

মৃগনশীলতা – ভিয়াচেসলেভ কুপ্রিয়ানভ
(অনুবাদ – অমল কর)

একটি লাল বেলুনের গপ্পা

একসময় আমাদের সংগ্রহে একটি লাল বেলুন ছিল
বেলুনটাতে আমরা গ্যাস ভরলাম
একটা গ্যাসভরতি বেলুন যে
খেলার খেলা নয়
বেমালুম আমরা ভুলে গেলাম
এবং অচিরেই সেটা আমরা টের পেলাম।

আমাদের হাত ফসকে
বেলুনটা বিনা বাধায়
আকাশমুখে হল

কিন্তু চম্পরের সবচেয়ে উঁচু
একটা ম্যাপল গাছে
বেলুনটা আটকে গেল

বেলুনটাকে নীচে নামাতে
আমরা গাছটাকে ঝাঁকালাম।
কিন্তু হা হতোস্মি।
আমাদের হাতই রক্তাক্ত হল-

জনাকয়েক বিশেষজ্ঞ শহর থেকে
একটা করাত আনল
বেলুনটাকে নীচে নামাতে
অর্ধেকদিন ধরে
করাত দিয়ে গাছ-কাটা চলল
কিন্তু বেলুনটা অধরাই থাকল।

আমরা যখন গাছতলায় দাঁড়িয়ে
করাত দিয়ে নিষ্কলা গাছ কেটে চলেছি
তখন দেখলাম, নিউটনের মাধ্যাকর্ষণ-সূত্র
উপেক্ষা করে বেলুনটা উঁচুতে উঠতে উঠতে
মেঘের গুরতর অদৃশ্য হয়ে গেল।

মহৎ-হৃদয়ের মানুষ

তাঁর পরিচিতিরা
তাঁর কুশল কামনা করে
অপরিচিতিরা তাঁর সাথে
অন্তরঙ্গ – পরিচিত চায়

দিনে এবং রাতে স্বার্থস্বীরা
বেলচা দিয়ে তাঁকে মুড়িয়ে দিতে চায়
এবং হিংস্রদৃষ্টিতে তাকে দেখে

স্বার্থস্বীরা বেলচা দিয়ে
দ্বিবি আচরণ করে
প্রকাশ্যে তাঁকে কবরস্থ করে
গোপনে কবর খুঁড়ে এনে অপদস্থ করে

তাদের সন্দেহ মানুষটির
বুকজুড়ে রয়েছে স্বর্ণরেণু।

কীভাবে মানুষ হবে

নিজের চামড়া বাঁচাতে
বুকে হাঁটা বন্ধ করো
অন্ত্যের থেসা ছাড়ানো থেকে
বিরত হও।
অন্ত্যে তোমার সামনে
বুকে হাঁটতে দিও না
আরও একবার আঘগতভাবে বলো
তোমার নীচতা আড়াল করতে
বুকে হাঁটতে চেয়ো না
বন্ধো করো অন্ত্যের ছিদ্রাব্লেষণ খোঁজা
এইবার একজন মানুষ হতে চেষ্টা
করো
এটা শুনু করার জন্য

আসাপ্রদ ভূ-মন্ডল

উত্তর আমেরিকা এখনো
দক্ষিণ আমেরিকার মধ্যে ছড়িয়ে পড়েনি

প্রদান এশিয়া এখনও মধ্য বা এশিয়া-মাইনরকে
নিশ্চিহ্ন করে ফেলেনি

ইউরোপ এখনও ভূমধ্যসাগর পেরিয়ে
স্বাধীন আফ্রিকার উপর চেপে বসেনি

আফ্রিকাকে এখনও সাহারা মরুভূমি গ্রাস করেত পারেনি
আন্টার্টিকার হিমশিল এখনও
গ্রিনল্যান্ডের বরফের সাথে মিশতে সক্ষম হয়নি

মাধ্যাকর্ষণশক্তি এখনও যে-কোনো
সশস্ত্র বাহিনীর চেয়েও অধিকতর শক্তিধর

পৃথিবীর রাজনৈতিক মানচিত্র এখনও
প্রাকৃতিক ভূ-মন্ডলকে ধ্বংস করেত পারেনি।

শিরোনাম নেই

উড়োজাহাজের মতো কবিতাগুলো আকাসে উড়ে যায়
মেঘে মেঘে মেগুলো ভাসতে থাকে
বিদ্যুৎ তাদের ছুঁতে পারে না
বত্র তাদের ভয়ার্ত করেত পারে না
রাতকে তারা ভয় পায় না
পাখিরা এবং তারারা তাদের কাছে ডাকে
তারা টুকরো টুকরো হয়ে
সাদা পৃষ্ঠার ওপর
নেমে আসে।